

অতি জরুরী

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা- ১০০০

ফ্যাক্স: ০২- ৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শি.শি./তৃতীয় শিক্ষক নিয়োগ চক্র/১০৫৮/২০১৯/৪৪০ তারিখ : ০৯ জানুয়ারি, ২০২০।

e-Requisition বিজ্ঞপ্তি ২০২০

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) তৃতীয় বারের মত দেশের সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, কারিগরি, মাদরাসা, ব্যবসায় ব্যবস্থাপনা) শূন্য পদের বিপরীতে শিক্ষক নিয়োগ প্রদানের সুপারিশের কার্যক্রম শুরু করেছে। এ লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে অনলাইনে শূন্য পদের চাহিদা (e-Requisition) <http://ngi.teletalk.com.bd> অথবা www.ntrca.gov.bd এ ওয়েবসাইটে প্রবেশ করে প্রতিষ্ঠান প্রধানগণকে নিজস্ব User ID ও Password ব্যবহার করে আগামী ১৪/০১/২০২০ তারিখ হতে ২৩/০১/২০২০ তারিখ পর্যন্ত প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রতিটি প্রতিষ্ঠানের ঘোষিত শূন্য পদ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসার অবশ্যই স্ব স্ব User ID ও Password ব্যবহার করে যাচাই পূর্বক প্রত্যয়ন/স্বাক্ষর প্রদান করবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারের প্রত্যয়ন/স্বাক্ষর ব্যতীত কোন শূন্য পদ এনটিআরসিএ কর্তৃপক্ষ গ্রহণ/আমলে নিবে না।

যথাযথভাবে এ কাজটি সম্পাদনের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে NTRCA-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রদর্শিত নির্দেশনাবলি অনুসরণ করার অনুরোধ করা হলো।

পরিচালক (শিক্ষাতত্ত্ব শিক্ষামান)

এনটিআরসিএ, ঢাকা।

ফোন নং ০২-৪১০৩০১২১.